

॥ প্রশ্নোত্তরে সালাতুদ-দুহার সংক্ষিপ্ত বিধান

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তরসমূহ

রচয়িতা/সকলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন

প্রশ্নঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত হাদীসে এসেছে, তিনি বলেন,

«مَنْ صَلَّى الصَّبَحَ فِي جَمَاعَةٍ ثُمَّ جَلَسَ يَذْكُرُ اللَّهَ تَعَالَى حَتَّى تَطْلُعَ الشَّمْسُ ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ كَانَتْ لَهُ كَأْجَرٌ حِجَّةٌ وَعُمْرَةٌ تَامَّةٌ تَامَّةٌ»

“যে ব্যক্তি ফযরের সালাত জামা আতে আদায় করে, তারপর একই জায়গায় বসে সূর্য উদয় হওয়া পর্যন্ত আল্লাহর যিকির করে অতঃপর দুই রাকাত আত সালাত আদায় করে সে ব্যক্তি একটি হজ ও একটি পূর্ণ উমরার সাওয়াব পাবে”। (তিরমিয়ী, হাদীস নং ৫৮৬) এ দুই রাকাত সালাতুদ-দুহা কিনা?

উত্তরঃ হাদীসে উল্লিখিত দুই রাকাত সালাত সালাতুদ-দুহা, তবে এ দুই রাকাত সালাতের আলাদা গুরুত্ব রয়েছে। কারণ, এ দুই রাকাত সালাত ফজরের সালাত আদায়ের পর থেকে সূর্য ওপরে উঠার আগ পর্যন্ত স্থীয় সালাত আদায় করার স্থানে বসে থাকার সাথে সম্পৃক্ত। (আল-লাজনাহ আদ-দায়িমাহ: ১৪৮/৬)

Source — <https://www.hadithbd.com/books/link/?id=10805>

১. হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন